



১৭/০৫/২০২১

সম্মানিত অভিভাবক,

আসসালামু আলাইকুম। গত ১৭ মার্চ ২০২০ থেকে আমরা ছাত্র/ছাত্রীদের সান্নিধ্য থেকে বঞ্চিত। শিক্ষার্থীরা কি করছে? পড়াশুনার টেবিলে বসছে কি না? Online ক্লাস থেকে কতটুকু শিখতে পারছে? সবই আমাদের অজানা। তারপরও বর্তমান সংকটময় পরিস্থিতিতে আমরা অনলাইন ক্লাস চালিয়ে যাচ্ছি। কিন্তু জীবনতো থেমে থাকবে না। সবদিক বিবেচনা করে আমরা আগামী ২৩ মে থেকে শিক্ষার্থীদের প্রস্তুতিমূলক পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছি। এ ক্ষেত্রে আমাদের পক্ষ থেকে আপনাদেরকে আমি দায়িত্ব পালনের জন্য বিনীত অনুরোধ করছি। আপনি অত্যন্ত সততার সাথে প্রশ্নপত্রে উল্লেখিত সময়ে পরীক্ষাটি নেবেন এবং পরীক্ষা শেষ করার সাথে সাথে খাতাটি আপনি প্যাকেট করে ফেলবেন এবং নির্দিষ্ট তারিখে প্রতিষ্ঠানে জমা দেবেন। পরীক্ষা নেয়ার মাধ্যমে আমরা জানতে চাচ্ছি-

- ১। শিক্ষার্থীরা আমাদের Online ক্লাসের মাধ্যমে কতটুকু পড়া আত্মস্থ করতে পেরেছে তার ওপর ভিত্তি করে ৩০ নম্বরের ১ ঘন্টা ব্যাপী এই পরীক্ষার আয়োজন করা হয়েছে। রুটিন অনুযায়ী প্রতিটি পরীক্ষার প্রশ্ন নির্দিষ্ট তারিখে ও নির্দিষ্ট সময়ের ১ ঘন্টা আগে ওয়েবসাইটে আপলোড করা হবে।
- ২। এতে আপনি আপনার সন্তানের প্রত্যেকটি বিষয় সম্বন্ধে তার দুর্বল দিকটি ধরতে পারবেন। যা আমাদের সংগে সরাসরি আলাপ করতে পারবেন এবং আমরা মিলিতভাবে তার বিষয় ভিত্তিক দুর্বলতা নিরসনের চেষ্টা করতে পারবো।
- ৩। সর্বোপরি আমরা চাচ্ছি শিক্ষার্থীদের পড়ালেখার মধ্যে নিয়ে আসা। যেখানে আপনার দায়িত্বই সর্বাধিক বেশি। আমি আশা করবো আপনার সন্তানের ভবিষ্যত চিন্তা করে, পরীক্ষা নেয়ার দায়িত্বটুকু সুচারুরূপে পালন করবেন।

এ মুহুর্তে আমাদের মনে রাখতে হবে পরীক্ষায় বেশি নম্বর পাওয়া আমাদের লক্ষ ও উদ্দেশ্য নয়। আমাদের লক্ষ ও উদ্দেশ্য শিক্ষার্থীদের পড়ার টেবিলে বসানো। পড়াশুনায় মনোযোগী করা এবং প্রতিটি বিষয়ের উপর শিক্ষার্থীর দুর্বল দিকটি চিহ্নিত করা। আপনি ও আপনার পরিবারের সদস্যদের সুস্থ ও নিরাপদ জীবন কামনা করছি। আল্লাহ আপনাদের সুস্থ রাখুন।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)